



## রেজোল্যুশন নম্বর 1

কর্মী মনোনয়ন ও কমিশনের ব্যবসা পরিচালনার জন্য কর্তৃত্ব প্রতিষ্ঠাকরণের উদ্দেশ্যে চার্টার রিভিশন কমিশনের রেজোল্যুশন।

উল্লেখ্য, 12 ডিসেম্বর, 2024 তারিখে নিউ ইয়র্ক সিটির মেয়র নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যাল হোম রুল ল (Municipal Home Rule Law)-এর ধারা 36(4) অনুসারে চার্টার রিভিশন কমিশন (Charter Revision Commission) প্রতিষ্ঠা করেছেন; এবং

উল্লেখ্য, নিউ ইয়র্ক সিটির মেয়র মিউনিসিপ্যাল হোম রুল ল-এর ধারা 36(4) অনুসারে তেরো জন ব্যক্তিকে নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন (অতঃপর এখানে "কমিশন")-এর দায়িত্ব পালনের জন্য নিয়োগ করেছেন; এবং

উল্লেখ্য, এই রেজোল্যুশনের উদ্দেশ্য হলো কমিশনের ফলপ্রসূ কার্যক্রম ত্বরান্বিত করা কারণ এটি নিউ ইয়র্ক সিটি চার্টারকে পর্যালোচনা করার নির্দেশনা সম্পূর্ণরূপে পালন করে; এবং

সুতরাং, এখন নিষ্পত্তি হোক যে কমিশন Alec Schierenbeck-কে কমিশনের নির্বাহী পরিচালক হিসাবে নিয়োগ করছে;

এবং আরো নিষ্পত্তি হতে পারে যে মিউনিসিপ্যাল হোম রুল ল (Municipal Home Rule Law)-এর ধারা 36-এর সাথে সামঞ্জস্য রেখে কমিশনের দৈনন্দিন ব্যবসা পরিচালনা করার ক্ষমতা নির্বাহী পরিচালকের থাকবে, এর মধ্যে আরো অন্তর্ভুক্ত থাকবে কমিশনের পক্ষে চুক্তি স্বাক্ষর করা, কর্মী নিয়োগ ও অপসারণ করা, তাদের ক্ষতিপূরণ নির্ধারণ করা, এবং কর্মীদের পেশাদার ও সুশৃঙ্খল কর্মকাণ্ড নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা ও প্রক্রিয়াসমূহ প্রতিষ্ঠা করা -তবে এগুলোর মধ্যেই এই ক্ষমতা সীমিত থাকবে না;

এবং আরো নিষ্পত্তি হতে পারে যে নির্বাহী পরিচালক মিউনিসিপ্যাল হোম রুল ল § 36 অনুসারে কমিশনের পক্ষে যেকোনো এবং সকল সেবা, সুবিধা, উপকরণ, তথ্য বা তহবিল চাইতে পারেন ও গ্রহণ করতে পারেন;

এবং আরো নিষ্পত্তি হতে পারে যে কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের উপযুক্ততা নিশ্চিত করার জন্য সেগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার ক্ষমতা কমিশন কর্তৃক চেয়ারম্যানের উপর অর্পিত হয় যিনি পরবর্তীতে নির্বাহী পরিচালকের উপর সেই ক্ষমতা ও দায়িত্ব অর্পণ করতে পারেন যার মধ্যে রয়েছে সভা ও শুনানি নির্ধারণ ও নোটিশ প্রদান করা, এবং এজেন্ডা প্রস্তুত করা ও বিতরণ করা এবং সভা ও শুনানির জন্য ব্যবসার ধারা নির্ধারণ করা।

তারিখ: 07 জানুয়ারি, 2025